



সংখ্যা: ১৫.৫৫.০০০০.৩০৩.২৫.২৮৯.২৫.৭৭৫

তারিখ: ১২ অক্টোবর, ২০২৫

প্রেস রিলিজ

গুজব, অপতথ্য ও ডিপফেক রুখে দিতে তথ্য কর্মকর্তাদের 'আপোসহীন চাল' হয়ে কাজ করতে হবে: তথ্য সচিব মাহবুবা ফারজানা

তারিখ: ১২ অক্টোবর, ২০২৫


জাতীয় নির্বাচনসহ যেকোনো গুরুত্বপূর্ণ সময়ে অপতথ্য (ডিসইনফরমেশন), ভুল তথ্য (মিসইনফরমেশন) এবং ডিপফেক প্রযুক্তির চ্যালেঞ্জ মোকাবিলায় তথ্য ক্যাডারের কর্মকর্তাদের আপোসহীন ভূমিকা পালন করতে হবে। আজ, রবিবার (১২ অক্টোবর ২০২৫), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটে বিসিএস (তথ্য) ৪২তম পেশাগত প্রবেশক পাঠ্যধারার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব মাহবুবা ফারজানা এ কথা বলেন।

মাহবুবা ফারজানা তাঁর বক্তব্যে বলেন, "দেশের তথ্য প্রবাহকে সঠিক ও বস্তনিষ্ঠ রাখতে তথ্য কর্মকর্তাদের দায়িত্ব এখন বহুগুণ বেড়েছে। মিসইনফরমেশন, ডিসইনফরমেশন, ফেক নিউজ এবং ডিপফেক-এর মতো অপশক্তিকে দৃঢ়ভাবে ও দক্ষতার সাথে মোকাবিলা করতে হবে। বিশেষত, একটি মডেল নির্বাচন জাতিকে উপহার দিতে হলে গুজব ও অপপ্রচার রোধে জেলা প্রশাসনের সঙ্গে কার্যকর সমন্বয় সাধন করে তথ্য কর্মকর্তাদের কাজ করতে হবে।" তিনি আশা প্রকাশ করেন, এই তিন মাসব্যাপী প্রশিক্ষণ কর্মকর্তার নিজেদেরকে চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত করার সুযোগ পাবেন।

সভাপতির বক্তব্যে নিমকোর মহাপরিচালক মুহম্মদ হিরুজ্জামান এনডিসি প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে বলেন, "জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আপনাদেরই প্রতিষ্ঠান। তবে এই প্রতিষ্ঠান প্রশিক্ষণার্থীদের মধ্যে শৃঙ্খলা, নিয়মানুবর্তিতা এবং নিষ্ঠার সঙ্গে কাজ করার মানসিকতা তৈরি করতে বন্ধপরিকর। প্রতিষ্ঠানের এই লক্ষ্য সফল করতে আমরা আপনাদের কাছ থেকে সর্বোচ্চ নিয়মানুবর্তিতা এবং আন্তরিক সহযোগিতা প্রত্যাশা করছি।"

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর এবং তথ্য অধিদপ্তর (পিআইডি) থেকে মোট ২২ জন কর্মকর্তা এই পেশাগত প্রবেশক পাঠ্যধারায় অংশগ্রহণ করছেন।

অনুষ্ঠানে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) (উপসচিব) মোসাম্মৎ রহিমা আক্তার, পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) ড. মো. মারুফ নাওয়াজ, পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) পারভীন সুলতানা রাব্বী সহ ইনস্টিটিউটের অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন।


১২.১০.২৫
মো. আব্দুল মান্নান
উপপরিচালক
ফোন : ০১৭১৭৭৫৬৭৪১

বিতরণ:

- ০১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা
- ০২। মুখ্য বার্তা সম্পাদক/ চিফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশে টিভি/এনটিভি/সময় টিভি/দৈনিক ইত্তেফাক/আমাদের সময়/ দৈনিক ইনকিলাব/মানবজমিন/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিক ভোরের পাতা/দৈনিক সকালের খবর/কমিউনিটি বেতারসমূহ।
- ০৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। কার্যালয় নথি।